গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ দপ্তর
সিরাজগঞ্জ।
www.dls.sirajganj.gov.bd

**প্রাণিসম্পদ বিভাগের জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিরাজগঞ্জ – এর আগষ্ট ২০২৩ খ্রিঃ এর মাসিক সমন্বয় সভা ও মত বিনিময় সভার কার্যবিবরণী**

সভাপতি ডাঃ মোঃ হাবিবুর রহমান
জেলা প্রাণিসম্পদ অফিসার (অঃ দাঃ)
স্থান জেলা প্রাণিসম্পদ দপ্তরের সম্মেলন কক্ষ , জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিরাজগঞ্জ।
সভার তারিখঃ ১১/১০/২০২৩ খ্রিঃ
সময় ঃ ১০.০০ ঘটিকা
উপস্থিতি পরিশিষ্ট "ক"

আলোচনার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। তারপর সম্মানীত সভাপতি জনাব ডাঃ মোঃ হাবিবুর রহমান, জেলা প্রাণিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ মহোদয়ের অনুমতিক্রমে আলোচনা সভা শুরু হয়। সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃ পর গত সভার কার্যবিরণী ও গৃহিত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। কার্যবিরণীতে কোন সংশোধিনী না থাকায় সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্ব |
|---|---|---|---|
| ১ | ***** APA কার্যক্রম সংক্রান্ত ২০২৩-২৪ অর্থবছরের মাঠ পর্যায়ে সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন কৌশল বিষয়ে আলোচনা ঃ** ২০২৩-২৪ অর্থবছরে এপিএ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনায় দেখা যায় যে, কোনো কোনো উপজেলায় চলতি বছরে লক্ষ্যমাত্রার চেয়ে অর্জন কিছুটা কম হয়েছে। আগামী অর্থবছরে শতভাগ অর্জনের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়া হয়। আগামী অর্থবছরে মোবাইলকোট পরিচালনার জন্য নির্দেশ দেওয়া হয় এবং ২০২৩-২৪ অর্থবছরের এপিএ কার্যক্রম শতভাগ বাস্তবায়নের কৌশল প্রণয়নপূর্বক পরামর্শ প্রদান করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের এপিএ কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) |
| ২ | নমুনা পরীক্ষার লক্ষ্যমাত্রা অর্জন প্রসংগে ঃ নমুনা পরীক্ষার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপজেলা সমুহ হতে নমুনা পরীক্ষার লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরত্বআরোপ করা হয়। এ বিষয়ে উপজেলা সমুহ হতে নিয়মিত ভাবে নমুনা পিএসও ,প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার,সিরাজগঞ্জ মহোদয়কে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং পিএসও অফিস হতে নমুনা পরীক্ষার ফলাফল নিয়মিত ভাবে প্রদান করা হয় কিনা সে বিষয়ে পিএসও/ প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় কোন সদউত্তর পাওয়া যায় নাই। এ বিষয়ে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাহেব-এর কাছে জানতে চাইলে তিনি বলেন | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। পত্রের মাধ্যমে বিয়ষটি, পিএসও ,প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার,সিরাজগঞ্জকে জানানোর বিষয়ে সিদ্ধান্ত হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সিরাজগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | যথাসময়ে পত্র প্রদান করা হয়েছে এবং মোবাইলেও যোগাযোগ করা হয়েছে। সভায় উপস্থিত না থাকার কারন জানা যায় নাই। এ বিষয়ে পরিচালক, রাজশাহী মহোদয় অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন। | | |
| ৩ | জেলা প্রাণিসম্পদ অফিসার মহোদয় ভ্যাকসিন সংখ্যা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্পের মাঠকর্মীদের কাজে লাগানোর পরামর্শ প্রদান করেন । নিয়মিত মাঠ তদারকি উঠান বৈঠক এবং সচেতনতা মূলক সভা আয়োজনের মাধ্যমে খামারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন এবং একই সাথে পর্যাপ্ত পরিমান ভ্যাকসিন সরবরাহ করার জন্য জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয়কে নির্দেশনা প্রদান করেন । | মহাখালী,ঢাকা থেকে চাহিদা মোতাবেক ভ্যাকসিন আনার সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল), সিরাজগঞ্জ। |
| ৪ | কৃত্রিম প্রজনন বিষয়ে আলোচনা ঃ<br>জেলা প্রাণিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ মহোদয় এ-আই এর ব্যাপারে উপ-পরিচালক,কৃত্রিম প্রজনন মহোদয়কে সচেতন হওয়ার জন্য বলেন । এ,আই কর্মীদের তদারকি,মাসিক মিটিং জোরদার করনের মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করতে বলেন। পরিচালক মহোদয় পরবর্তী সমন্বয় সভার দিনই সরকারী,বেসরকারী কৃত্রিম প্রজনন কর্মীদের নিয়ে সমন্বয় সভার আয়োজন করার জন্য নির্দেশ প্রদান করেন এবং নীতি বর্হিভুত এ,আই কর্মীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন। | মোবাইল কোর্ট পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিরাজগঞ্জ ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) ,সিরাজগঞ্জ। |
| ৫ | *** কৃত্রিম প্রজনন সংক্রান্তঃ<br>সিমেন দেওয়ার পূর্বে উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।<br>সিমেন প্রদান করার পর্বে উপপরিচালক,কৃত্রিম প্রজনন দপ্তর, ঈশ্বরদী কে এই ব্যপারে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>সিমেন স্ট্রতে কোন কিছু লেখার না থাকার বিষয়ে জানতে চাওয়া হয়। উপপরিচালক, স্যারের মতে প্রিটিং মেশিন নষ্ট থাকায় এই সিমেন স্ট্রতে লেখা নাই, তাই এই ব্যপারে ব্যবস্থা নেওয়ার জন্য উর্দ্ধতন অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিরাজগঞ্জ। |
| ৬ | ***পরিচালক সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের -০৩.১০.২০২৩ খ্রিঃ তারিখে সিরাজগঞ্জ জেলার পরিদর্শন ওপ্রয়োজনীয় দিক নির্দেশনা বিষয়ে আলোচনা করেন। প্রতিটি উপজেলায় সম্প্রসারণের দৃষ্টিগচর হয় এমন স্থানেঃ<br>১। বিলবোর্ড থাকতে হবে।<br>২। প্রতিটি উপজেলায় ঘাস চাষের রেজিস্টার আপডেট থাকতে হবে + প্লট থাকতে হবে।<br>৩। সব রেজিস্টার আপডেট রাখতে হবে।<br>৪। জলবায়ু রেসিলেন্স কাযক্রম সুষ্ঠভাবে তদারকি করতে হবে।<br>৫। ম্যাচিং গ্রান্ট এর কার্যক্রম তদারকি করতে হবে।<br>৬।সিজার রেজিস্টার ও সিজার ফাইল থাকতে হবে। | নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **সম্মানিত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয়ের নির্দেশনাঃ- জেলা প্রাণিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ মহোদয়ের নিয়মিত পরিদর্শনে সকল রেজিস্টার আপডেট সহ চেক করা হবে। | নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) |
| ৮ | ***তার পর সম্মানিত জেলা প্রাণিসম্পদ অফিসার মহোদয় সারাদেশের মত সিরাজগঞ্জ জেলার বিশ্ব ডিম দিবস/২০২৩ খ্রিঃ উৎযাপন বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা করেন। | নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) |
| ৯ | **উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন দপ্তর, সিরাজগঞ্জ মহোদয়ের নির্দেশনাঃ কৃত্রিম প্রজনন তর অপরিশোধিত মূল্য জমা দেওয়ার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) |
| ১০ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয় পিপিআর নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের ২য় ডোজ এর প্রয়োগের প্রাপ্য টাকা প্রদান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক মহোদয়কে অনুরোধ করেন । | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | প্রকল্প পরিচালক,পিপিআর নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প.ঢাকা । |

**সম্মানিত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয় নিয়মিত টিকা প্রদান চালু রাখা, রিপোটিং সময়মত করা এবং নিরাপদ খাদ্য উপৎপাদন মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য নির্দেশনা প্রেরণ করেন। জেলা প্রাণিসম্পদ অফিসার আরও বলেন বিশ্ব বিশ্ব ডিম দিবস জেলার সকল কর্মকর্তাকে অংশ গ্রহন করতে হবে । সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সমাপ্তি ঘোষনা করেন।

(ডাঃ মোঃ হাবিবুর রহমান)
জেলা প্রাণিসম্পদ অফিসার (অঃদাঃ)
সিরাজগঞ্জ ।

স্মারক নং-৩৩.০১.৮৮০০.০০০.২৩.০০১.২৩.

তারিখঃ ২৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। সদয় অবগতির জন্য ।
০২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। সদয় অবগতির জন্য ।
০৩। ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, সিরাজগঞ্জ।
০৪। উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিরাজগঞ্জ।
০৫-১৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর/ কাজিপুর/ তাড়াশ/ রায়গঞ্জ/ উল্লাপাড়া/ শাহজাদপুর/কামারখন্দ/বেলকুচি / চৌহালী,সিরাজগঞ্জ।
১৪। ব্যবস্থাপক, সরকারী মুরগি উন্নয়ণ ও প্রজনন খামার, সিরাজগঞ্জ।
১৫। পিডিও,হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার, বেলকুচি, সিরাজগঞ্জ ।
১৬। অফিস কপি ।